গাড়িটি ১ ঘন্টায় যায় (১১৪.৫ ÷ ২.৫) কি.মি.

এখানে, $১১৪.৫ ÷ ২.৫ = (১১৪.৫ \times ১০) ÷ (২.৫ \times ১০)$

$$= ১১৪৫ ÷ ২৫ = ৪৫.৮$$

সুতরাং গাড়িটি ১ ঘন্টায় যায় ৪৫.৮ কি.মি.।

উত্তর: ৪৫.৮ কিমি।

প্রশ্ন-১৪. একটি আয়তাকার জমির ক্ষেত্রফল ৭২৯ বর্গমিটার। এর প্রস্থ ২২.৫ মিটার হলে দৈর্ঘ্য নির্ণয় কর।

সমাধান: আয়তাকার জমির ক্ষেত্রফল ৭২৯ বর্গমিটার। প্রস্থ ২২.৫ মিটার।

∴ দৈর্ঘ্য = ক্ষেত্রফল ÷ প্রস্থ

$$= ৭২৯ \text{ বর্গমিটার} ÷ ২২.৫ \text{ মিটার}$$

$$= (৭২৯ ÷ ২২.৫) \text{ মিটার}$$

এখন, $৭২৯ ÷ ২২.৫ = (৭২৯ \times ১০) ÷ (২২.৫ \times ১০)$

$$= ৭২৯০ ÷ ২২৫$$

$$= ৩২.৪$$

∴ দৈর্ঘ্য ৩২.৪ মিটার

উত্তর: ৩২.৪ মিটার।

প্রশ্ন-১৫. ৩.২৫ মিটার লম্বা একটি লোহার খন্ডের ওজন ১৫.৬ কেজি। লোহার খন্ডের প্রতি মিটারের ওজন নির্ণয় কর।

সমাধান: লোহার খন্ডের প্রতি মিটারের ওজন (১৫.৬ ÷ ৩.২৫) কেজি

এখন, $১৫.৬ ÷ ৩.২৫ = (১৫.৬ \times ১০০) ÷ (৩.২৫ \times ১০০)$

$$= ১৫৬০ ÷ ৩২৫$$

$$= ৪.৮$$

সুতরাং লোহার খন্ডের প্রতি মিটারের ওজন ৪.৮ কেজি

উত্তর: ৪.৮ কেজি

১. গড় নির্ণয় কর :

- (১) ৮, ১০, ১৩, ৭, ৯, ১০ (২) ৩৮, ৩৪, ৩২, ৪১, ৩০, ৩৫, ৩৩, ৩৭
(৩) ১৩৪, ১৩৬, ১৩২, ১৩৮ (৪) ৯৫৭, ৯৫৬, ৯৪৮, ৯৫২, ৯৬০

সমাধান :

- (১) ৮, ১০, ১৩, ৭, ৯, ১০

এখানে, রাশিগুলোর যোগফল = $৮ + ১০ + ১৩ + ৭ + ৯ + ১০ = ৫৭$
রাশিগুলোর সংখ্যা = ৬

আমরা জানি, গড় = রাশিগুলোর যোগফল ÷ রাশিগুলোর সংখ্যা = $৫৭ ÷ ৬ = ৯.৫$

উত্তর : ৯.৫।

- (২) ৩৮, ৩৪, ৩২, ৪১, ৩০, ৩৫, ৩৩, ৩৭

এখানে, রাশিগুলোর যোগফল = $৩৮ + ৩৪ + ৩২ + ৪১ + ৩০ + ৩৫ + ৩৩ + ৩৭ = ২৮০$
রাশিগুলোর সংখ্যা = ৮

আমরা জানি, গড় = রাশিগুলোর যোগফল ÷ রাশিগুলোর সংখ্যা = $২৮০ ÷ ৮ = ৩৫$

উত্তর : ৩৫।

- (৩) ১৩৪, ১৩৬, ১৩২, ১৩৮

এখানে, রাশিগুলোর যোগফল = $১৩৪ + ১৩৬ + ১৩২ + ১৩৮ = ৫৪০$
রাশিগুলোর সংখ্যা = ৪

আমরা জানি, গড় = রাশিগুলোর যোগফল ÷ রাশিগুলোর সংখ্যা = $৫৪০ ÷ ৪ = ১৩৫$

উত্তর : ১৩৫।

- (৪) ৯৫৭, ৯৫৬, ৯৪৮, ৯৫২, ৯৬০

এখানে, রাশিগুলোর যোগফল = $৯৫৭ + ৯৫৬ + ৯৪৮ + ৯৫২ + ৯৬০ = ৪৭৭৩$
রাশিগুলোর সংখ্যা = ৫

আমরা জানি, গড় = রাশিগুলোর যোগফল ÷ রাশিগুলোর সংখ্যা = $৪৭৭৩ ÷ ৫ = ৯৫৪.৬$

উত্তর : ৯৫৪.৬।

২. ৬টি বইয়ের ওজন ৯২৪ গ্রাম। বইগুলোর গড় ওজন বের কর।

সমাধান : ৬টি বইয়ের ওজন ৯২৪ গ্রাম

সুতরাং, বইগুলোর গড় ওজন = $(৯২৪ ÷ ৬)$ গ্রাম = ১৫৪ গ্রাম

উত্তর : ১৫৪ গ্রাম।

৩. একটি গাভী থেকে প্রতিদিন কি পরিমাণ দুধ পাওয়া যায় তা নিচের ছকে দেখানো হয়েছে।

বার	শনি	রবি	সোম	মঙ্গল	বুধ	বৃহস্পতি	শুক্র
দুধ (লিটার)	১৩	১৬	১৫	১৩	১৭	১৪	১৭

গাভীটি প্রতিদিন গড়ে কী পরিমাণ দুধ দেয় তা নির্ণয় কর।

সমাধান : গাভীটি থেকে ৭ দিনে প্রাপ্ত দুধের পরিমাণ = $১৩ + ১৬ + ১৫ + ১৩ + ১৭ + ১৪ + ১৭ = ১০৫$ লিটার

সুতরাং, গাভীটি প্রতিদিন গড়ে দুধ দেয় : $(১০৫ ÷ ৭)$ লিটার = ১৫ লিটার

উত্তর : ১৫ লিটার।

৪. সোহেল এবং হামিদার বাংলা, ইংরেজি, গণিত, বিজ্ঞান এবং বাংলাদেশ ও বিশ্বপরিচয় পরীক্ষায় প্রাপ্ত নম্বর দেওয়া আছে। প্রত্যেকের গড় নম্বর নির্ণয় কর এবং দুইজনের মধ্যে কে পরীক্ষায় ভালো করেছে তা বের কর :

	বাংলা	গণিত	ইংরেজি	বিজ্ঞান	বাংলাদেশ ও বিশ্বপরিচয়
সোহেল	৬৮	৯৫	৫৬	৯০	৬৫
হামিদা	৭২	৭৮	৮৪	৮০	৮৬

গড়: কতগুলো রাশির যোগফলকে রাশিগুলোর মোট সংখ্যা দ্বারা ভাগ করলে যে মান পাওয়া যায় তাকে রাশিগুলোর গড় বলে।

সূত্র:

গড় = রাশিগুলোর যোগফল ÷ রাশিগুলোর সংখ্যা

রাশিগুলোর যোগফল = গড় × রাশিগুলোর সংখ্যা

সমাধান :

সোহেলের প্রাপ্ত নম্বরের গড় হলো : $(৬৮ + ৯৫ + ৫৬ + ৯০ + ৬৫) \div ৫ = ৩৭৪ \div ৫ = ৭৪.৮$

হামিদার প্রাপ্ত নম্বরের গড় হলো : $(৭২ + ৭৮ + ৮৪ + ৮০ + ৮৬) \div ৫ = ৪০০ \div ৫ = ৮০$

দুইজনের প্রাপ্ত নম্বরের গড় নির্ণয় করে দেখা যায় সোহেলের চেয়ে হামিদার গড় নম্বর বেশি। সুতরাং বলা যায়, হামিদা পরীক্ষায় ভালো করেছে।

উত্তর : সোহেলের নম্বরের গড় ৭৪.৮ এবং হামিদার নম্বরের গড় ৮০; হামিদা ভালো করেছে।

৫. একটি পরিসংখ্যানে দেখা গেছে আগস্ট মাসে ঢাকায় সর্বোচ্চ তাপমাত্রার গড় ৩২° সে। সেক্ষেত্রে নিচের কোন তথ্যটি সত্য হবে?

ক) আগস্ট মাসের প্রতিদিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩২° সে।

খ) আগস্ট মাসে, সর্বোচ্চ তাপমাত্রা ৩২° সে ছিল এমন দিনের সংখ্যা অন্যান্য মাসগুলোর দিনের সংখ্যা অপেক্ষা বেশি।

গ) আগস্ট মাসের প্রতিদিনই তাপমাত্রা ৩২° সে অপেক্ষা বেশি হয়নি।

উত্তর : (ক)

১. খালিঘর পূরণ কর :

- (১) ১২ জন লোক ২০ জন লোকের — % ।
 (২) ৩০০ টাকার ১৫০% হলো — টাকা ।
 (৩) — গ্রাম এর ৫৬% হলো ৪২ গ্রাম ।

উত্তর :

- (১) ১২ জন লোক ২০ জন লোকের ৬০ % ।
 (২) ৩০০ টাকার ১৫০% হলো ৪৫০ টাকা ।
 (৩) ৭৫ গ্রাম এর ৫৬% হলো ৪২ গ্রাম ।

২. রবিবার কোনো বিদ্যালয়ে ৮০ জন শিক্ষার্থীর ৩০% অনুপস্থিত । ওই দিন উপস্থিত শিক্ষার্থীর সংখ্যা কত?

সমাধান : মোট শিক্ষার্থী ৮০ জন

অনুপস্থিত শিক্ষার্থীর সংখ্যা (৮০ জন এর ৩০%)

$$= ৮০ \times \frac{৩০}{১০০} \text{ জন}$$

$$= ২৪ \text{ জন}$$

∴ উপস্থিত শিক্ষার্থীর সংখ্যা (৮০ – ২৪) জন বা ৫৬ জন

উত্তর : ৫৬ জন ।

৩. হোসেনের মাসিক আয় ২,৫০০ টাকা এবং তার মধ্য থেকে তিনি ১,৭৫০ টাকা খাবার কেনায় ব্যয় করেন । শামিমের মাসিক আয় ১,৮০০ টাকা এবং তিনি খাবার কেনায় ১,৪৪০ টাকা ব্যয় করেন ।

- (১) তাদের প্রত্যেকের আয়ের ওপর খাবার কেনার ব্যয় শতকরায় প্রকাশ কর ।
 (২) কে খাবার কেনায় আনুপাতিকভাবে বেশি টাকা ব্যয় করেন?

সমাধান :

(১) হোসেনের আয়ের ওপর খাবার কেনার ব্যয় শতকরা = $\frac{১৭৫০}{২৫০০} \times ১০০$ টাকা

$$= ৭০ \text{ টাকা}$$

শামিমের আয়ের ওপর খাবার কেনার ব্যয় শতকরা = $\frac{১৪৪০}{১৮০০} \times ১০০$ টাকা

$$= ৮০ \text{ টাকা}$$

উত্তর : হোসেনের ব্যয় ৭০%, শামিমের ব্যয় ৮০%

- (২) হোসেন খাবার কেনায় ব্যয় করেন আয়ের ৭০% এবং শামিম খাবার কেনায় ব্যয় করেন আয়ের ৮০% ∴ শামিম খাবার কেনায় আনুপাতিকভাবে বেশি টাকা ব্যয় করেন ।

উত্তর : শামিম ।

৪. বার্ষিক ১৫% মুনাফায় কোনো ব্যাংক থেকে কিছু টাকা ঋণ নিয়ে এক বছর পর ১,৬৮০ টাকা মুনাফা দেওয়া হলো । আসল কত ছিল?

সমাধান : দেওয়া আছে, বার্ষিক মুনাফার হার = ১৫%

বার্ষিক মুনাফা = ১৬৮০ টাকা

আসল = ?

আমরা জানি, আসল = $\frac{\text{বার্ষিক মুনাফা} \times ১০০}{\text{বার্ষিক মুনাফার হার}}$

$$= \frac{১৬৮০ \times ১০০}{১৫}$$

$$= ১১২০০ \text{ টাকা}$$

উত্তর : আসল ১১,২০০ টাকা ।

শতকরা: শতকরা হলো এমন একটি অনুপাত, যা ১০০ এর ভগ্নাংশরূপে প্রকাশ করা হয়। শতকরা % প্রতীক দিয়ে প্রকাশ করা হয়।

ক্রয়মূল্য: যে মূল্যে কোনও বস্তু বা জিনিস ক্রয় করা হয় তাহলো ক্রয়মূল্য।
 ক্রয়মূল্য = বিক্রয়মূল্য – লাভ বা
 ক্রয়মূল্য = বিক্রয়মূল্য + ক্ষতি

বিক্রয়মূল্য: যে মূল্যে কোনও বস্তু বা জিনিস বিক্রয় করা হয় তাহলো বিক্রয়মূল্য।

বিক্রয়মূল্য = ক্রয়মূল্য + লাভ বা
 বিক্রয়মূল্য = ক্রয়মূল্য – ক্ষতি।

লাভ: ক্রয়মূল্য অপেক্ষা বিক্রয়মূল্য বেশি হলে লাভ হয়।

লাভ = বিক্রয়মূল্য – ক্রয়মূল্য

ক্ষতি: ক্রয়মূল্য অপেক্ষা বিক্রয়মূল্য কম হলে ক্ষতি বা লোকসান হয়।

ক্ষতি বা লোকসান =
 ক্রয়মূল্য – বিক্রয়মূল্য

আসল: বিনিয়োগকৃত টাকাকে বলা হয় আসল। আসল = $\frac{\text{মুনাফা} \times ১০০}{\text{মুনাফার হার} \times \text{সময়}}$

মুনাফা: আসল টাকার অতিরিক্ত যে টাকা ব্যাংক প্রদান করে তা হলো মুনাফা।

বার্ষিক মুনাফা = $\frac{\text{আসল} \times \text{বার্ষিক মুনাফার হার}}{১০০}$

বার্ষিক মুনাফার হার: ১০০ টাকায় ১ বছরে যে মুনাফা হয় তা হলো বার্ষিক মুনাফার হার।

বার্ষিক মুনাফার হার = $\frac{\text{মুনাফা} \times ১০০}{\text{সময়} \times \text{আসল}}$

সময় সূত্র:

সময় = $\frac{\text{মুনাফা} \times ১০০}{\text{আসল} \times \text{মুনাফার হার}}$

৫. ব্যাংক থেকে আসলের ওপর বার্ষিক ৮% মুনাফায় ৫ বছরের জন্য ১৫,০০০ টাকা ঋণ নেওয়া হলো। ৫ বছর পর মোট কত টাকা পরিশোধ করতে হবে?

সমাধান : দেওয়া আছে,

বার্ষিক মুনাফার হার = ৮%, সময় = ৫ বছর, আসল = ১৫০০০ টাকা, মুনাফা = ?

$$\begin{aligned} \text{আমরা জানি, মুনাফা} &= \frac{\text{আসল} \times \text{বার্ষিক মুনাফার হার} \times \text{সময়}}{১০০} \\ &= \frac{১৫০০০ \times ৮ \times ৫}{১০০} \\ &= ৬০০০ \text{ টাকা} \end{aligned}$$

$$\begin{aligned} \therefore ৫ \text{ বছর পর পরিশোধ করতে হবে} &= \text{আসল} + \text{মুনাফা} \\ &= (১৫০০০ + ৬০০০) \text{ টাকা} \\ &= ২১০০০ \text{ টাকা} \end{aligned}$$

উত্তর : ২১,০০০ টাকা।

৬. ব্যাংক থেকে ৫০,০০০ টাকা ঋণ নিয়ে ৮ বছর পর মোট ৯৮,০০০ টাকা পরিশোধ করা হলো। আসলের ওপর ব্যাংকের মুনাফার হার কত ছিল?

সমাধান :

দেওয়া আছে, আসল = ৫০০০০ টাকা

মুনাফা = (৯৮০০০ - ৫০০০০) টাকা বা ৪৮০০০ টাকা

সময় = ৮ বছর

মুনাফার হার = ?

$$\begin{aligned} \text{আমরা জানি, মুনাফার হার} &= \frac{\text{মুনাফা} \times ১০০}{\text{সময়} \times \text{আসল}} \\ &= \frac{৪৮০০০ \times ১০০}{৮ \times ৫০০০০} \\ &= ১২\% \end{aligned}$$

উত্তর : আসলের ওপর ব্যাংকের মুনাফার হার ১২% ছিল।

৭. একটি দোকানে ১,৮০০ টাকার পণ্য ২০% কমে বিক্রয় করা হলো। পণ্যটির বিক্রয় মূল্য কত?

সমাধান :

ক্রয়মূল্য ১০০ টাকা হলে, ২০% কমে বিক্রয়মূল্য (১০০ - ২০) টাকা বা, ৮০ টাকা।

১০০ টাকা ক্রয়মূল্য হলে পণ্যটির বিক্রয়মূল্য ৮০ টাকা

$$১ \quad " \quad " \quad " \quad " \quad " \quad \frac{৮০}{১০০} \text{ টাকা}$$

$$\begin{aligned} ১৮০০ \quad " \quad " \quad " \quad " \quad " \quad \frac{৮০ \times ১৮০০}{১০০} \text{ টাকা} \\ = ১৪৪০ \text{ টাকা} \end{aligned}$$

উত্তর : ১৪৪০ টাকা।

৮. একজন বিক্রেতা কৃষকের কাছ থেকে এক ঝুড়ি সবজি কিনে ৪০% লাভে ৬,৩০০ টাকায় বিক্রয় করলেন। সবজির ক্রয়মূল্য কত ছিল?

সমাধান :

৪০% লাভে ক্রয়মূল্য ১০০ টাকা হলে বিক্রয়মূল্য (১০০ + ৪০) টাকা বা ১৪০ টাকা

সবজির বিক্রয়মূল্য ১৪০ টাকা হলে ক্রয়মূল্য ১০০ টাকা


$$" \quad " \quad " \quad ১ \quad " \quad \frac{১০০}{১৪০} \text{ টাকা}$$

$$\begin{aligned} " \quad " \quad " \quad ৬৩০০ \quad " \quad \frac{১০০ \times ৬৩০০}{১৪০} \text{ টাকা} \\ = ৪৫০০ \text{ টাকা} \end{aligned}$$


উত্তর : ৪৫০০ টাকা।

১. ক এবং খ রেখা দুইটি সমান্তরাল। নিচের উদাহরণটি দেখ এবং রেখা দুইটি ব্যবহার করে একটি ট্রাপিজিয়াম ও দুইটি সামান্তরিক আঁক।

সমাধান :



২. ডানপাশের চিত্রের সামান্তরিকের বাহুগুলোর দৈর্ঘ্য এবং কোণগুলোর পরিমাপ নির্ণয় কর।






সমাধান :


- (১) কঘ = ৬ সেমি
(২) গঘ = ৪ সেমি
(৩) \angle ঘ = 90°
(৪) \angle ক = 110°

৩. নিচের চিত্রে চতুর্ভুজের কর্ণগুলো দেয়া হয়েছে। চতুর্ভুজগুলো আঁক এবং কোনটি কোন ধরনের চতুর্ভুজ তা লেখ।

সমাধান :



৪. ডানপাশের দুইটি আয়ত দ্বারা অঙ্কিত একটি চিত্র দেওয়া আছে। ঘঙ বাহুর উপর অঙ্কিত লম্বগুলো সনাক্ত কর।



সমাধান : ঘঙ বাহুর উপর অঙ্কিত লম্বগুলো হলো : গ ঘ (ঘ গ), ও চ (চ ও)

৫. নিচের চতুর্ভুজগুলো অঙ্কন কর।

(১) রম্বস

(২) বর্গ

সমাধান :

চতুর্ভুজ: চারটি সরলরেখা দ্বারা সীমাবদ্ধ আকৃতিকে চতুর্ভুজ বলে।



আয়ত: যে চতুর্ভুজের চারটি কোণই সমকোণ তাকে আয়ত বলে।




বর্গ: যে আয়তের চারটি বাহু সমান তাকে বর্গ বলে।




সামান্তরিক: যে চতুর্ভুজের দুই জোড়া বাহু সমান্তরাল তাকে সামান্তরিক বলে।




ট্রাপিজিয়াম: যে চতুর্ভুজের এক জোড়া বাহু পরস্পর সমান্তরাল তাকে ট্রাপিজিয়াম বলে।



রম্বস: যে চতুর্ভুজের চারটি বাহুর দৈর্ঘ্য সমান তাকে রম্বস বলে।




(১) রম্বস অঙ্কন :




- (১) স্কেলের সাহায্যে ৪ সেমি দৈর্ঘ্যের একটি রেখা আঁকি।
- (২) চাঁদা ব্যবহার করে 60° কোণ আঁকি।
- (৩) ত্রিকোণীসেট ব্যবহার করে ২য় ধাপে অঙ্কিত রেখার সমান্তরাল রেখা আঁকি।
- (৪) ২য় ও ৩য় ধাপের অঙ্কিত রেখায় ৪ সেমি চিহ্নিত করি।
- (৫) ৪র্থ ধাপে চিহ্নিত বিন্দুদ্বয় স্কেলের সাহায্যে সংযুক্ত করি।

(২) বর্গ অঙ্কন :




- (১) স্কেলের সাহায্যে ৩ সেমি দৈর্ঘ্যের একটি রেখা আঁকি।
- (২) চাঁদা ব্যবহার করে 90° কোণ আঁকি।
- (৩) ত্রিকোণীসেট ব্যবহার করে ২য় ধাপে অঙ্কিত রেখার সমান্তরাল রেখা আঁকি।
- (৪) ২য় ও ৩য় ধাপের অঙ্কিত রেখায় ৩ সেমি চিহ্নিত করি।
- (৫) ৪র্থ ধাপে চিহ্নিত বিন্দুদ্বয় স্কেলের সাহায্যে সংযুক্ত করি।

৬. ১ এবং ৫ নম্বর ঘরে দেওয়া বৈশিষ্ট্য অনুযায়ী ২,৩,৪, ৬ নম্বর ঘরে বৈশিষ্ট্য লিখে ছকটি পূরণ কর।
উদাহরণস্বরূপ, একটা সাধারণ চতুর্ভুজের সাথে আমরা “একজোড়া বিপরীত বাহু সমান্তরাল” এই শর্ত যোগ করলে ট্র্যাপিজিয়াম পাই।



সমাধান :

কর্ণ: একটি চতুর্ভুজের বিপরীত শীর্ষবিন্দুর সংযোগকারী রেখাকে কর্ণ বলে।




বৃত্ত: একটি নির্দিষ্ট বিন্দু থেকে সর্বদা সমান দূরত্ব বজায় রেখে কোনো চলমান বিন্দুর সঞ্চারণপথকে বৃত্ত বলে। অর্থাৎ, যে আবদ্ধ বক্ররেখার ভিতরে এমন একটি বিন্দু থাকে যা থেকে পরিধির প্রত্যেক বিন্দুর দূরত্ব সমান সে গোল আকৃতিকে বৃত্ত বলে।




কেন্দ্র: যে বিন্দুকে কেন্দ্র করে বৃত্ত আবর্তিত হয় তাই বৃত্তের কেন্দ্র।




পরিধি: যে বক্ররেখাটি বৃত্তটিকে আবদ্ধ করে রেখেছে তাকে পরিধি বলে।




ব্যাসার্ধ: বৃত্তের কেন্দ্র হতে পরিধি পর্যন্ত দূরত্বকে ব্যাসার্ধ বলে।




বৃত্তচাপ: বৃত্তচাপ পরিধির একটি অংশ। বৃত্তের পরিধির উপর যেকোনো দুইটি বিন্দুর মধ্যবর্তী অংশকে বৃত্তচাপ বলে।






জ্যা: একটি বৃত্তচাপের শেষ বিন্দু দুইটির সংযোজক রেখাংশকে জ্যা বলে।



ব্যাস: বৃত্তের কেন্দ্রগামী পরিধিস্থ দুই বিন্দুর সংযোজক রেখাংশকে ব্যাস বলে।

অর্থাৎ, বৃত্তের কেন্দ্রগামী জ্যাকে ব্যাস বলে।



৭. বৃত্ত সম্পর্কিত বাক্যের খালি অংশগুলো পূরণ কর :


- কেন্দ্র থেকে পরিধি পর্যন্ত দূরত্ব হলো
- পরিধির একটি অংশ হলো
- একটি রেখাংশ যা এর দুইটি প্রান্তবিন্দু যোগ করে তা হলো
- যদি বৃত্তের কেন্দ্রে দিয়ে যায়, তাহলে তাকে বলে
- যদি ১০ সেমি হয়, তাহলে হবে সেমি

সমাধান :

(ক) ব্যাসার্ধ; (খ) বৃত্তচাপ; (গ) জ্যা; (ঘ) ব্যাস; (ঙ) ৫

৮. ডানপাশের চিত্র অনুযায়ী আমরা একটা বাক্সে একই প্রকারের ৫টা খালা রাখলাম। নিচের প্রশ্নগুলোর উত্তর দাও :

- (১) প্রত্যেক খালার ব্যাসার্ধ ৮ সেমি হলে (ক) এর দৈর্ঘ্য নির্ণয় কর।
- (২) যদি (ক) ৮০ সেমি হয় তাহলে প্রতিটি খালার ব্যাস নির্ণয় কর।




সমাধান :

- (১) দেওয়া আছে, প্রত্যেক খালার ব্যাসার্ধ ৮ সেমি
 \therefore প্রত্যেক খালার ব্যাস (৮×২) সেমি = ১৬ সেমি
 খালার সংখ্যা ৫টি
 \therefore ৫টি খালার দৈর্ঘ্য (৫×১৬) সেমি = ৮০ সেমি
 উত্তর : ৮০ সেমি।

- (২) (ক) প্রতিটি খালার ব্যাস $(৮০ \div ৫)$ সেমি বা ১৬ সেমি
 উত্তর : ১৬ সেমি।


৯. ৪ সেমি ব্যাসার্ধ বিশিষ্ট সমান ৫টি বৃত্ত আঁকা আছে। চিত্র অনুযায়ী কেন্দ্রগুলো যোগ করলে ক থেকে খ পর্যন্ত অঙ্কিত রেখাংশের মোট দৈর্ঘ্য নির্ণয় কর।

সমাধান :




দেওয়া আছে, প্রতিটি বৃত্তের ব্যাসার্ধ ৪ সেমি ক থেকে খ পর্যন্ত অঙ্কিত রেখাংশের
মোট দৈর্ঘ্য = (৪ + ৪ + ৪ + ৪ + ৪ + ৪ + ৪ + ৪) সেমি = ৩২ সেমি।

১০. কম্পাস ব্যবহার করে বামপাশের নকশাটির মত নকশা আঁক।



সমাধান :



৫. একটি বইয়ের ওজন ১২৪ গ্রাম। ৮০টি বইয়ের ওজন কত কেজি হবে?

সমাধান :

১টি বইয়ের ওজন ১২৪ গ্রাম

$$\begin{aligned} \therefore ৮০টি \quad " \quad " \quad (৮০ \times ১২৪) \text{ গ্রাম} \\ = ৯৯২০ \text{ গ্রাম} = \frac{৯৯২০}{১০০০} \text{ কেজি} \end{aligned}$$

$$[\because ১০০০ \text{ গ্রাম} = ১ \text{ কেজি}]$$

$$= ৯.৯২ \text{ কেজি}$$

উত্তর : ৯.৯২ কেজি।

৬. ৮ জন লোকের ওজন ৪৫১.২ কেজি। তাদের গড় ওজন কত হেক্টোগ্রাম?

সমাধান : ৮ জন লোকের ওজন ৪৫১.২ কেজি

$$\begin{aligned} \therefore \text{তাদের গড় ওজন} &= (৪৫১.২ \div ৮) \text{ কেজি} \\ &= ৫৬.৪ \text{ কেজি} \\ &= (৫৬.৪ \times ১০) \text{ হেক্টোগ্রাম} \\ &[\because ১ \text{ কেজি} = ১০ \text{ হেক্টোগ্রাম}] \\ &= ৫৬৪ \text{ হেক্টোগ্রাম} \end{aligned}$$

উত্তর : ৫৬৪ হেক্টোগ্রাম।

৭. একটি বোতলে ৭৫ সেন্টিলিটার তেল ছিল। শান্তি ওই বোতল থেকে ১৮০ মিলিলিটার তেল ব্যবহার করার পর বোতলে আর কত লিটার তেল অবশিষ্ট রয়েছে?

সমাধান : বোতলে তেল ছিল ৭৫ সেলি

$$\begin{aligned} \text{শান্তি তেল ব্যবহার করেছে} &= ১৮০ \text{ মিলি} \\ &= \frac{১৮০}{১০} \text{ সেলি} [\because ১০ \text{ মিলি} = ১ \text{ সেলি}] \\ &= ১৮ \text{ সেলি} \\ \therefore \text{তেল অবশিষ্ট রয়েছে} &= (৭৫ - ১৮) \text{ সেলি} \\ &= ৫৭ \text{ সেলি} \\ &= \frac{৫৭}{১০০} \text{ লিটার} [১০০০ \text{ সেলি} = ১ \text{ লিটার}] \\ &= ৫৭ \text{ সেলি} \end{aligned}$$

উত্তর : ০.৫৭ লি।

৮. একটি বোতলে আমের জুসের পরিমাণ ৩৫০ মিলি। ২৪টি বোতলে জুসের পরিমাণ কত লিটার?

সমাধান :

১টি বোতলে আমের জুসের পরিমাণ ৩৫০ মিলি

$$\begin{aligned} \therefore ২৪টি \quad " \quad " \quad " \quad " \quad (৩৫০ \times ২৪) \text{ লিটার} \\ &= ৮৪০০ \text{ মিলি} \\ &= \frac{৮৪০০}{১০০০} \text{ লি} \\ &[\because ১০০০ \text{ মিলি} = ১ \text{ লিটার}] \\ &= ৮.৪ \text{ লিটার} \end{aligned}$$

উত্তর : ৮.৪ লিটার।

৯. একটি পরিবার ৮ দিনে ২০ লি খাবার পানি ব্যবহার করে। ওই পরিবার দৈনিক গড়ে কত ডেসিলিটার পানি ব্যবহার করে?

সমাধান : আমরা জানি, ১ লিটার = ১০ ডেসিলিটার

$$\begin{aligned} \therefore ২০ \text{ লিটার} &= (১০ \times ২০) \text{ ডেসিলিটার} \\ &= ২০০ \text{ ডেসি লিটার।} \end{aligned}$$

৮ দিনে খাবার পানি ব্যবহার করে ২০০ ডেসিলিটার

$$\begin{aligned} ১ \quad " \quad " \quad " \quad " \quad " \quad \frac{২০০}{৮} \quad " \\ = ২৫ \text{ ডেসিলিটার} \end{aligned}$$

উত্তর : ২৫ ডেসিলিটার

প্রশ্ন-১. খালি ঘরে সঠিক শব্দ বসাও:

(১) সামান্তরিকের ক্ষেত্রফল = $\square \times \square$





(২) ত্রিভুজের ক্ষেত্রফল = $\square \times \square \div ২$

সমাধান:

(১) সামান্তরিকের ক্ষেত্রফল = ভূমি \times উচ্চতা

(২) ত্রিভুজের ক্ষেত্রফল = ভূমি \times উচ্চতা $\div ২$

প্রশ্ন-২. নিচের আকৃতিগুলোর ক্ষেত্রফল নির্ণয় কর:



সমাধান:

(১) ত্রিভুজটির ক্ষেত্রফল = (ভূমি \times উচ্চতা) $\div ২$

= (৫ সেমি \times ৮ সেমি) $\div ২$

= ২০ বর্গ সেমি $\div ২$ = ১০ বর্গ সেমি

উত্তর: ১০ বর্গ সেমি

(২) ত্রিভুজটির ক্ষেত্রফল = (ভূমি \times উচ্চতা) $\div ২$

= (৯ সেমি \times ৬ সেমি) $\div ২$

= ৫৪ বর্গ সেমি $\div ২$ = ২৭ বর্গ সেমি

উত্তর: ২৭ বর্গ সেমি

(৩) সামান্তরিকটির ক্ষেত্রফল = ভূমি \times উচ্চতা

= ৫ সেমি \times ৬ সেমি = ৩০ বর্গ সেমি

উত্তর: ৩০ বর্গ সেমি

(৪) সামান্তরিকটির ক্ষেত্রফল = ভূমি \times উচ্চতা

= ২ মি \times ১০ মি = ২০ বর্গ মি

উত্তর: ২০ বর্গ মি।

দৈর্ঘ্য, প্রস্থ ও উচ্চতা বিভিন্ন এককে দেওয়া থাকলে খুব সতর্কতার সাথে একই এককে আনতে হবে।

ক্ষেত্রফলের একক লেখার ক্ষেত্রে অবশ্যই এককের পূর্বে 'বর্গ' কথাটি লিখতে হবে।

প্রশ্ন-৩. একটি আয়তাকার ধানক্ষেতের প্রস্থ ৭৫০ মিটার এবং দৈর্ঘ্য ১২০০ মিটার।
ধানক্ষেতটির ক্ষেত্রফল কত এর?

সমাধান: আয়তাকার ধানক্ষেতের প্রস্থ ৭৫০ মিটার এবং দৈর্ঘ্য ১২০০ মিটার।

$$\begin{aligned} \therefore \text{ধানক্ষেতটির ক্ষেত্রফল} &= \text{দৈর্ঘ্য} \times \text{প্রস্থ} \\ &= ১২০০ \text{ মিটার} \times ৭৫০ \text{ মিটার} \\ &= (১২০০ \times ৭৫০) \text{ বর্গ মিটার} = ৯০০০০০ \text{ বর্গ মিটার} \\ &= \frac{৯০০০০০}{১০০} \text{ প্রায়} = ৯০০০ \text{ এর} [১০০ \text{ বর্গমিটার} = ১ \text{ এর}] \end{aligned}$$

উত্তর: ৯০০০ এর

প্রশ্ন-৪. একটি আয়তাকার পার্ক রয়েছে যার প্রস্থ ৫০ মিটার এবং এর ক্ষেত্রফল ৪২৫০ বর্গ মিটার। পার্কটির দৈর্ঘ্য কত মিটার?

সমাধান: আয়তাকার পার্কের প্রস্থ ৫০ মিটার এবং ক্ষেত্রফল ৪২৫০ বর্গমিটার

$$\begin{aligned} \therefore \text{পার্কটির দৈর্ঘ্য} &= \text{ক্ষেত্রফল} \div \text{প্রস্থ} \\ &= ৪২৫০ \text{ বর্গমিটার} \div ৫০ \text{ মিটার} \\ &= (৪২৫০ \div ৫০) \text{ মিটার} = ৮৫ \text{ মিটার} \end{aligned}$$

উত্তর: ৮৫ মিটার।


প্রশ্ন-৫. একটি ত্রিভুজের উচ্চতা ০.৮ কিমি এবং এর ক্ষেত্রফল ১.২ বর্গ কিমি হলে এর ভূমি কত কিমি?

সমাধান: ত্রিভুজের উচ্চতা ০.৮ কিমি এবং ক্ষেত্রফল ১.২ বর্গ কিমি।

$$\begin{aligned} \therefore \text{ত্রিভুজের ভূমি} &= ২ \times \text{ক্ষেত্রফল} \div \text{উচ্চতা} \\ &= ২ \times (১.২ \div ০.৮) \text{ কিমি} \\ &= ২ \times ১.৫ \text{ কিমি} = ৩.০ \text{ কিমি} \end{aligned}$$

উত্তর: ৩ কিমি।

প্রশ্ন-৬. চিত্রে একটি চতুর্ভুজাকার মাঠের একটি কর্ণ ৩০ মি এবং অপর দুইটি কোণ থেকে কর্ণের দূরত্ব ১৫ এবং ২২.৫ মি। চতুর্ভুজটির ক্ষেত্রফল নির্ণয় কর।



সমাধান: কর্ণটি চতুর্ভুজাকার মাঠটিকে দুইটি ত্রিভুজাকার ক্ষেত্রে বিভক্ত করে।





$$\begin{aligned} \text{প্রথম ত্রিভুজাকার ক্ষেত্রের ক্ষেত্রফল} &= (\text{ভূমি} \times \text{উচ্চতা}) \div ২ \\ &= (৩০ \text{ মি} \times ২২.৫ \text{ মি}) \div ২ = ৬৭৫ \text{ বর্গ মি} \div ২ \\ &= ৩৩৭.৫ \text{ বর্গ মি} \end{aligned}$$

$$\begin{aligned} \text{দ্বিতীয় ত্রিভুজাকার ক্ষেত্রের ক্ষেত্রফল} &= (\text{ভূমি} \times \text{উচ্চতা}) \div ২ \\ &= (৩০ \text{ মি} \times ১৫ \text{ মি}) \div ২ \\ &= ৪৫০ \text{ বর্গ মিটার} \div ২ \\ &= ২২৫ \text{ বর্গমিটার।} \end{aligned}$$

সুতরাং চতুর্ভুজাকার মাঠের ক্ষেত্রফল = ৩৩৭.৫ বর্গ মি + ২২৫ বর্গ মি
= ৫৬২.৫ বর্গ মিটার।

উত্তর: ৫৬২.৫ বর্গ মিটার।

প্রশ্ন-৭. নিচের আকৃতিগুলোর রঙিন অংশের ক্ষেত্রফল নির্ণয় কর:



সমাধান:

(১) সম্পূর্ণ ক্ষেত্রটি একটি আয়তক্ষেত্র।

সম্পূর্ণ আকৃতির ক্ষেত্রফল = দৈর্ঘ্য x প্রস্থ

$$= ৯ \text{ সেমি} \times ৫ \text{ সেমি} = ৪৫ \text{ সেমি}$$

রঙিন অংশ বাদে ত্রিভুজক্ষেত্রটির ক্ষেত্রফল

$$= (\text{ভূমি} \times \text{উচ্চতা}) \div ২$$

$$= (৯ \text{ সেমি} \times ৫ \text{ সেমি}) \div ২ = ৪৫ \text{ বর্গ সেমি} \div ২ = ২২.৫ \text{ বর্গ সেমি}$$

সুতরাং রঙিন অংশের ক্ষেত্রফল (৪৫ - ২২.৫) বর্গ সেমি = ২২.৫ বর্গ সেমি।

উত্তর: ২২.৫ বর্গ সেমি।

(২) সম্পূর্ণ ক্ষেত্রটি একটি সামান্তরিক। সম্পূর্ণ আকৃতিটির ক্ষেত্রফল = $৮ \times ৮ = ৬৪$ বর্গ সেমি
ত্রিভুজটি এবং সামান্তরিকটির উচ্চতা সমান

রঙিন বাদে সাদা অংশের ক্ষেত্রফল = $\frac{১}{২}$ (সম্পূর্ণ ক্ষেত্রের ক্ষেত্রফল)

রঙিন বাদে সাদা অংশের ক্ষেত্রফল = $\frac{১}{২} \times ৬৪$ বর্গ সেমি

$$= ৩২ \text{ বর্গ সেমি}$$

রঙিন অংশের ক্ষেত্রফল = $৬৪ - ৩২ = ৩২$ বর্গ সেমি

উত্তর: ৩২ বর্গ সেমি।

(৩) ত্রিভুজ আকৃতির সম্পূর্ণ ক্ষেত্রের ক্ষেত্রফল = $(\text{ভূমি} \times \text{উচ্চতা}) \div ২$

$$= (১০ \text{ সেমি} \times ১২ \text{ সেমি}) \div ২ = ১২০ \text{ বর্গ সেমি} \div ২ = ৬০ \text{ বর্গ সেমি}$$

রঙিন অংশ বাদে ত্রিভুজক্ষেত্রের ক্ষেত্রফল

$$= (\text{ভূমি} \times \text{উচ্চতা}) \div ২ = (১০ \text{ সেমি} \times ৫ \text{ সেমি}) \div ২$$

$$= ৫০ \text{ বর্গ সেমি} \div ২ = ২৫ \text{ বর্গ সেমি।}$$

সুতরাং রঙিন অংশের ক্ষেত্রফল = $(৬০ - ২৫)$ বর্গ সেমি

$$= ৩৫ \text{ বর্গ সেমি।}$$

উত্তর: ৩৫ বর্গ সেমি।

(৪) আকৃতিটির ভূমি = ৬ সেমি + ৪ সেমি = ১০ সেমি।

আকৃতিটির উচ্চতা = ৫ সেমি + ২ সেমি = ৭ সেমি।

সম্পূর্ণ আকৃতিটির ক্ষেত্রফল = (ভূমি x উচ্চতা) ÷ ২

= (১০ সেমি x ৭ সেমি) ÷ ২

= ৭০ বর্গ সেমি ÷ ২ = ৩৫ বর্গ সেমি

রাঙিন অংশ বাদে ত্রিভুজ ক্ষেত্রের ক্ষেত্রফল = (ভূমি x উচ্চতা) ÷ ২ = (১০ সেমি x ২ সেমি) ÷ ২

= ২০ বর্গ সেমি ÷ ২ = ১০ বর্গ সেমি।

রাঙিন অংশের ক্ষেত্রফল = ৩৫ বর্গ সেমি - ১০ বর্গ সেমি

= ২৫ বর্গ সেমি।


উত্তর: ২৫ বর্গ সেমি।

প্রশ্ন-৮. ছক কাগজে নিচের আকৃতিগুলো আঁক:

(১) একটি ত্রিভুজ যার ক্ষেত্রফল ৯ বর্গ সেমি


(২) একটি আয়ত যার ক্ষেত্রফল ৮ বর্গ সেমি

(৩) একটি সামান্তরিক যার ক্ষেত্রফল ৬ বর্গ সেমি




সমাধান:

(১)




ছক কাগজে আঁকা ত্রিভুজই সেই ত্রিভুজ যার ক্ষেত্রফল ৯ বর্গ সেমি।

(২)



ছক কাগজে আঁকা আয়তই সেই আয়ত যার ক্ষেত্রফল ৮ বর্গ সেমি

(৩)



ছক কাগজে আঁকা সামান্তরিকই সেই সামান্তরিক যার ক্ষেত্রফল ৬ বর্গ সেমি।

১. নিচের মাসগুলোর দিন সংখ্যা লেখ :

- (১) শ্রাবণ (২) ভাদ্র (৩) অগ্রহায়ণ
(৪) চৈত্র (৫) এপ্রিল (৬) জুলাই
(৭) আগস্ট (৮) ডিসেম্বর

সমাধান :

- (১) শ্রাবণ = ৩১ দিন (২) ভাদ্র = ৩১ দিন
(৩) অগ্রহায়ণ = ৩০ দিন (৪) চৈত্র = ৩০ দিন
(৫) এপ্রিল = ৩০ দিন (৬) জুলাই = ৩১ দিন
(৭) আগস্ট ৩১ দিন (৮) ডিসেম্বর = ৩১ দিন

২. ক্যালেন্ডার সম্পর্কিত নিচের প্রশ্নগুলোর উত্তর দাও :

- (১) ২৫ এ বৈশাখ এর ২০ দিন পরের তারিখটি কী?
(২) ২৫ এ জুন এর ৪৯ দিন পরের তারিখটি কী?
(৩) যদি ওরা মে শুক্রবার হয় তবে ৩১ এ মে কী বার?
(৪) যদি ১লা অক্টোবর বুধবার হয় তবে ৩১ এ অক্টোবর কী বার?

সমাধান :

- (১) দিন যোগ করি : $২৫ + ২০ = ৪৫$ । যেহেতু বৈশাখ মাসে ৩১ দিন রয়েছে, সেহেতু ২০ দিন পরের তারিখটি $৪৫ - ৩১ =$ জ্যৈষ্ঠ ১৪।
উত্তর : জ্যৈষ্ঠ ১৪
- (২) ৪৯ দিন = ১ মাস ১৯ দিন
২৫ এ জুন এর সাথে ১ মাস যোগ করলে হয় ২৫ জুলাই। বাকী থাকে ১৯ দিন
দিন যোগ করি : $২৫ + ১৯ = ৪৪$ । যেহেতু জুলাই মাসে ৩১ দিন রয়েছে, সেহেতু ১৯ দিন পরের তারিখটি $৪৪ - ৩১ =$ আগস্ট ১৩।
উত্তর : আগস্ট ১৩
- (৩) ওরা মে শুক্রবার।
যেহেতু ওরা মে'র ৭×৪ দিন পর ৩১ মে।
সুতরাং ৩১ এ মে শুক্রবার।
- (৪) ১লা অক্টোবর বুধবার। যেহেতু ১লা অক্টোবরের ৭×৪ দিন পর ২৯ অক্টোবরও বুধবার।
সুতরাং ৩১ এ অক্টোবর শুক্রবার।

৩. নিচের সালগুলোর ফেব্রুয়ারি মাসে কত দিন ছিল?

- (১) ১২০০ (২) ১৬৯২ (৩) ২০১০

সমাধান :

$$\begin{array}{r} 3 \\ 400 \overline{)1200} \\ \underline{1200} \\ 0 \end{array}$$

১২০০ সংখ্যাটির একক ও দশক উভয় স্থানের অঙ্ক দুটি শূন্য এবং প্রথম দুইটি অঙ্ক দ্বারা গঠিত সংখ্যা ১২ যা ৪ দ্বারা বিভাজ্য। কাজেই ১২০০ সংখ্যাটি ৪০০ দ্বারা বিভাজ্য। এজন্য বছরটি অধিবর্ষ। সুতরাং ১২০০ সালের ফেব্রুয়ারি মাসে ২৯ দিন ছিল।

উত্তর : ২৯ দিন।

$$\begin{array}{r} 23 \\ 4 \overline{)92} \\ \underline{8} \\ 12 \\ \underline{12} \\ 0 \end{array}$$

১৬৯২ সংখ্যাটি ৪ দ্বারা বিভাজ্য। এজন্য বছরটি অধিবর্ষ।

সুতরাং ১৬৯২ সালের ফেব্রুয়ারি মাসে ২৯ দিন ছিল।

অধিবর্ষ: অধিবর্ষ হলো এমন একটি বছর যে বছরে ক্যালেন্ডার বছরের সাথে ঋতু বছরের সমন্বয় স্থাপনের জন্য একদিন বেশি থাকে। ৪ দ্বারা বিভাজ্য বছরকে অধিবর্ষ বলা হয়। তবে খ্রিস্টীয় সালের একক ও দশক স্থানীয় অঙ্ক দুটি শূন্য হলে অধিবর্ষ হবে না, তবে যদি ৪০০ দ্বারা বিভাজ্য হয় তাহলে অধিবর্ষ হবে।

৪ যারা বিভাজ্য: কোনো সংখ্যার শেষ দুই অঙ্ক দ্বারা গঠিত সংখ্যা ৪ দ্বারা বিভাজ্য হলে সংখ্যাটি ৪ দ্বারা বিভাজ্য হয়।

আন্তর্জাতিক সময় পঞ্জি: (আন্তর্জাতিক রীতিতে রাতের মধ্যভাগ অর্থাৎ রাত ১২ টার পর থেকে শুরু হয়ে পরবর্তী মধ্যরাত ১২ টা পর্যন্ত ২৪ ঘণ্টাকে ১ দিন ধরা হয়।) দেশীয় রীতিতে যখন রাত্রি ২টা ১৫ মিনিট, আন্তর্জাতিক রীতিতেও তখন ২টা ১৫ মিনিট। আবার দেশীয় রীতিতে যখন দুপুর ২টা ১৫ মিনিট তখন আন্তর্জাতিক রীতিতে ১৪টা ১৫ মিনিট। আন্তর্জাতিক রীতিতে সময় প্রকাশের সময় খেয়াল রাখতে হবে যে এই রীতিতে সকাল, দুপুর, বিকাল, সন্ধ্যা, রাত বলা হয় না।

উত্তর : ২৯ দিন

(৩) ২০১০

$$\begin{array}{r} 502 \\ 4 \overline{)2010} \\ \underline{20} \\ 10 \\ \underline{8} \\ 2 \end{array}$$

২০১০ সংখ্যাটি ৪ দ্বারা বিভাজ্য নয়। এজন্য বছরটি অধিবর্ষ নয়। সুতরাং ২০১০ সালের ফেব্রুয়ারি মাসে ২৮ দিন ছিল।

উত্তর : ২৮ দিন।

৪. ২০১২ সালটি অধিবর্ষ ছিল। ১লা জানুয়ারি ২০১২ রবিবার হলে, ৩১ এ ডিসেম্বর ২০১২ কী বার ছিল?

সমাধান :

২০১২ সালের ১লা জানুয়ারি ছিল রবিবার। ২০১২ সাল অধিবর্ষ। ২০১২ অধিবর্ষ তাই ৩৬৬ দিনে বছর হবে।

$৫২ \times ৭ = ৩৬৪$ অর্থাৎ ৩৬৪ তম দিনটি ছিল শনিবার।

∴ ৩৬৫ তম দিনটি ছিল রবিবার এবং ৩৬৬ তম দিনটি ছিল সোমবার

উত্তর : ৩১ এ ডিসেম্বর ২০১২, সোমবার ছিল।

৫. নিচের সালগুলো কোন শতাব্দীর :

(১) ১০৮ (২) ১০১৫ (৩) ২০০১

সমাধান :

(১) আমরা জানি, ১০১ থেকে ২০০ সাল পর্যন্ত দ্বিতীয় শতাব্দী।

∴ ১০৮ সালটি দ্বিতীয় শতাব্দীর।

উত্তর : দ্বিতীয়

(২) আমরা জানি, ১০০১ থেকে ১১০০ সাল পর্যন্ত একাদশ শতাব্দী।

∴ ১০১৫ সালটি একাদশ শতাব্দীর।

উত্তর : একাদশ

(৩) আমরা জানি, ২০১০ থেকে ২১০০ সাল পর্যন্ত একবিংশ শতাব্দী।

∴ ২০০১ সালটি একবিংশ শতাব্দীর।

উত্তর : একবিংশ

৬. নিচের প্রশ্নগুলোর উত্তর দাও : (ধরি, ১ মাস = ৩০ দিন)

(১) ১০ বছরকে দিনে প্রকাশ করি।

(২) ১০০০ ঘণ্টাকে মাস, দিন এবং ঘণ্টায় প্রকাশ করি।

সমাধান :

$$\begin{array}{l} \text{(ক) } ১০ \text{ বছর} = (১০ \times ১২) \text{ মাস} \\ = ১২০ \text{ মাস} \\ = (১২০ \times ৩০) \text{ দিন} \\ = ৩৬০০ \text{ দিন} \end{array}$$

অতএব, ১০ বছরে ৩৬০০ দিন হয়।

উত্তর : ৩৬০০ দিন

$$\begin{array}{r} 10 \\ \times 12 \\ \hline 20 \\ 100 \\ \hline 120 \\ 120 \\ \hline 000 \\ 3600 \\ \hline 3600 \end{array}$$

(খ) ১০০০ ঘণ্টা

$১০০০ \div ২৪ = ৪১$ দিন এবং ১৬ ঘণ্টা

$৪১ \text{ দিন} \div ৩০ = ১$ মাস এবং ১১ দিন

অতএব, ১০০০ ঘণ্টায় ১ মাস ১১ দিন

১৬ ঘণ্টা হয়।

উত্তর : ১ মাস ১১ দিন ১৬ ঘণ্টা

$$\begin{array}{r} 41 \\ 24 \overline{)1000} \\ \underline{96} \\ 40 \\ \underline{24} \\ 16 \\ \underline{1} \\ 30 \\ 30 \\ \hline 11 \end{array}$$

৭. নিচের ১২ ঘণ্টা সময়সূচিতে লেখা সময়কে ২৪ ঘণ্টা সময়সূচিতে প্রকাশ কর :

- (১) অপরাহ্ন ৩:০০ (২) অপরাহ্ন ১১:৪২
(৩) পূর্বাহ্ন ০:২০ (৪) পূর্বাহ্ন ১২:০০

সমাধান :

- (১) ১৫:০০ (২) ২৩:৪২ (৩) ০০:২০ (৪) ০০:০০

৮. নিচের ২৪ ঘণ্টা সময়সূচিতে লেখা সময়কে ১২ ঘণ্টা সময়সূচিতে প্রকাশ কর :

- (১) ০২:০৪ (২) ১৫:৩৪ (৩) ২৪:০০ (৪) ২১:১৩

সমাধান :

- (১) রাত ২:০৪টা (২) বিকেল ৩:৩৪টা
(৩) রাত ১২:০০টা (৪) রাত ০৯:১৩টা

৯. একটি ট্রেন কোনো শহর ১১:৫০ এ ত্যাগ করে ১৫:২৫ এ গন্তব্যে পৌঁছায়। ট্রেনটি কত ঘণ্টা এবং কত মিনিট ভ্রমণ করল?

সমাধান :

ট্রেনটি শহর ত্যাগ করে ১১:৫০

ট্রেনটি গন্তব্যে পৌঁছায় ১৫:২৫

ট্রেনটি মোট ভ্রমণ করে (১৫:২৫ – ১১:৫০)
= ০৩ ঘণ্টা ৩৫ মিনিট

উত্তর : ৩ ঘণ্টা ৩৫ মিনিট

$$\begin{array}{r} ১৫:২৫ (+৬০) \\ ১১:৫০ \\ \hline ০৩:৩৫ \end{array}$$

১. কোনো একটি বিদ্যালয়ের ৪র্থ এবং ৫ম শ্রেণির শিক্ষার্থীদের বাসায় পড়ালেখার সময়ের উপর একটি জরিপের উপাত্ত ডান পাশের সারণি দুইটিতে দেওয়া আছে।


- (১) প্রতি শ্রেণিতে সর্বোচ্চ এবং সর্বনিম্ন পড়ালেখার সময় কত?
- (২) ৪র্থ এবং ৫ম শ্রেণির শিক্ষার্থীদের বাসায় পড়ালেখার সময়ের গড় নির্ণয় কর।
- (৩) নিচের খালি ঘরগুলো পূরণ কর এবং আয়তলেখ আঁক।

৪র্থ শ্রেণি	৩০, ৯০, ৪০, ১০, ৫০, ৪০, ৮০,
	৬০, ৪০, ৮০, ৬০, ৮০, ২০, ৬০,
	২০, ৭০, ৫০, ১০, ৭০, ৬০ মিনিট
৫ম শ্রেণি	২০, ৬০, ৯০, ৩০, ২০, ২০, ১১০,
	৬০, ২০, ২০, ৪০, ৫০, ৭০, ৮০,
	৬০, ৩০, ২০, ৯০, ৯০, ৬০ মিনিট


বাসায় পড়ালেখার সময়

mgq (igubU)	tkiW		kYLF
	4	5	
0-19			
20-59			
60-79			
80-99			
100-119			
tgW			

বাসায় পড়ালেখার সময় (৪র্থ শ্রেণি)



বাসায় পড়ালেখার সময় (৫ম শ্রেণি)



- (৪) ৪র্থ এবং ৫ম শ্রেণির আয়তলেখ তুলনা করে বর্ণনা দাও।
- (৫) একই জরিপ নিজেদের শ্রেণিতে কর এবং প্রাপ্ত উপাত্তের উপর ভিত্তি করে সারণি ও আয়তলেখ আঁক।

সমাধান :

- (১) ৪র্থ শ্রেণিতে সর্বোচ্চ পড়ালেখার সময় ৯০ মিনিট এবং সর্বনিম্ন পড়ালেখার সময় ১০ মিনিট। আবার, ৫ম শ্রেণিতে সর্বোচ্চ পড়ালেখার সময় ১১০ মিনিট এবং সর্বনিম্ন পড়ালেখার সময় ২০ মিনিট।

উপাত্ত: যেকোনো গবেষণার কাজে সংশ্লিষ্ট অনুসন্ধান ক্ষেত্র হতে জরিপের মাধ্যমে যে সংখ্যাবাচক পরিমাপ সংগ্রহ করা হয় তাকে উপাত্ত বা তথ্য (Data) বলে।

অবিন্যস্ত উপাত্ত: যে উপাত্তগুলো কোনো বৈশিষ্ট্য অনুযায়ী সাজানো থাকে না সেগুলো অবিন্যস্ত উপাত্ত।

বিন্যস্ত উপাত্ত: যে উপাত্তগুলো কোনো বৈশিষ্ট্য অনুযায়ী সাজানো থাকে, সেগুলোকে বিন্যস্ত উপাত্ত বলে।

গণসংখ্যা: প্রদত্ত উপাত্ত বা তথ্য হতে যেকোনো শ্রেণির দুইটি সীমার মধ্যে যতগুলো সংখ্যা পাওয়া যায় তাকে ঐ শ্রেণির গণসংখ্যা বলে। গণসংখ্যাকে ঘটনসংখ্যাও বলে।

ট্যালি চিহ্ন: একটি শ্রেণিতে যত সংখ্যক ঘটনসংখ্যা বা গণসংখ্যা পাওয়া যায় তত সংখ্যক খাড়া দাগ (|) দেওয়া হয়। গণসংখ্যা পাঁচটি হলে পূর্বের চারটি খাড়া দাগের সাথে আড়াআড়িভাবে আরেকটি (H) দেওয়া হয়। এভাবে গণসংখ্যার ওপর ভিত্তি করে দাগ দেওয়াকে ট্যালি চিহ্ন বলা হয়।

শ্রেণী ব্যবধান: প্রত্যেক শ্রেণির সর্বোচ্চ ও সর্বনিম্ন মানের মধ্যে পার্থক্য বা ব্যবধান হলো শ্রেণিব্যবধান।

লেখচিত্র: সংগৃহীত উপাত্ত বা তথ্য সহজে বোঝার জন্য চিত্র বা লেখের মাধ্যমে প্রকাশ করার পদ্ধতিকে লেখচিত্র বলা হয়। চাক্ষুষ প্রদর্শনের জন্য রেখার সাহায্যে আঁকা চিত্র হলো লেখচিত্র।

আয়তলেখ: গণসংখ্যা নিবেশনের শ্রেণি ব্যবধানকে আনুভূমিক অক্ষে এবং গণসংখ্যাকে খাড়া অক্ষে বসিয়ে প্রতিটি শ্রেণির জন্য যে আয়ত পাওয়া যায় তাকে আয়তলেখ বলে। আয়তলেখ আয়তক্ষেত্রগুলোর পরস্পরের মাঝে কোনো ফাঁক থাকে না।

(২) চতুর্থ শ্রেণির শিক্ষার্থীদের বাসায় লেখাপড়ার মোট সময় = ৩০ + ৯০ + ৪০ + ১০ + ৫০ + ৪০ + ৮০ + ৬০ + ৪০ + ৮০ + ৬০ + ৮০ + ২০ + ৬০ + ২০ + ৭০ + ৫০ + ১০ + ৭০ + ৬০ = ১০২০ মিনিট

মোট শিক্ষার্থী সংখ্যা = ২০ জন

∴ শিক্ষার্থীদের বাসায় পড়া লেখার সময়ের গড় = $\frac{১০২০}{২০}$ মিনিট = ৫১ মিনিট

আবার, ৫ম শ্রেণির শিক্ষার্থীদের বাসায় পড়া লেখার করার মোট সময় = ২০ + ৬০ + ৯০ + ৩০ + ২০ + ২০ + ১১০ + ৬০ + ২০ + ২০ + ৪০ + ৫০ + ৭০ + ৮০ + ৬০ + ৩০ + ২০ + ৯০ + ৯০ + ৬০ = ১০৪০ মিনিট

মোট শিক্ষার্থী সংখ্যা = ২০



শিক্ষার্থীদের বাসায় পড়ালেখার সময়ের গড় = $\frac{১০৪০}{২০}$ মিনিট = ৫২ মিনিট

উত্তর : ৫১ মিনিট; ৫২ মিনিট।

(৩) নিচের খালিঘরগুলো পূরণ করে স্তম্ভলেখ আঁকা হলো :

বাসায় পড়ালেখার সময়

সময় (মিনিট)	শ্রেণি	
	৪	৫
০ - ১৯		
২০ - ৩৯		
৪০ - ৫৯		
৬০ - ৭৯		
৮০ - ৯৯		
১০০ - ১১৯		
মোট	20	20



(৪) ৪র্থ এবং ৫ম শ্রেণির আয়তলেখ তুলনা :

৪র্থ শ্রেণিতে ০-১৯ মিনিটের ঘরে ২ জন ছাত্র থাকলেও ৫ম শ্রেণিতে নেই। তবে ৫ম শ্রেণিতে ২০-৩৯ মিনিটের ঘরে শিক্ষার্থীর সংখ্যা ৪র্থ শ্রেণি থেকে দ্বিগুণেরও বেশি বেড়ে গেছে। মোট কথা ৪র্থ শ্রেণি থেকে ৫ম শ্রেণিতে ওঠার পর শিক্ষার্থীদের পড়াশুনার পরিমাণ সামান্য বেড়েছে।

(৫) শিক্ষকের সহায়তায় নিজেরা কর।

২. ডানপাশের আয়তলেখটি ৫ম শ্রেণির শিক্ষার্থীদের বাসা থেকে বিদ্যালয়ে আসতে কত মিনিট সময় লাগে তার উপর করা জরিপের উপাত্তের উপর ভিত্তি করে তৈরি করা।

বাসা থেকে বিদ্যালয়ে আসার সময়

শিক্ষার্থী

৮										
৭										
৬										
৫										
৪										
৩										
২										
১										
০										
	০-৪	৫-৯	১০-১৪	১৫-১৯	২০-২৪	২৫-২৯	৩০-৩৪	৩৫-৩৯	৪০-৪৫	(মিনিট)

(১) ৫ম শ্রেণির কতজন শিক্ষার্থী জরিপের আওতায় এসেছে?

(২) কোন শ্রেণিব্যবধানে শিক্ষার্থীর সংখ্যা বেশি?

(৩) শতকরা কতজন শিক্ষার্থীর বিদ্যালয়ে আসতে ৩০ মিনিটের বেশি সময় লাগে?

সমাধান :

মোট গণসংখ্যা = (২ + ৪ + ৫ + ৬ + ৮ + ৭ + ৪ + ৩ + ২ = ৪০

(১) ৫ম শ্রেণির ৪০ জন শিক্ষার্থী জরিপের আওতায় এসেছে।

(২) ২০-২৪ শ্রেণিব্যবধানে শিক্ষার্থীর সংখ্যা বেশী।

(৩) ৩০ - ৩৪ মিনিট সময় লাগে ৪ জনের

৩৫ - ৩৯ " " " ৩ "

৪০ - ৪৫ " " " ১ "

৩০ মিনিটের বেশি সময় লাগে ৮ জনের

৩০ মিনিটের বেশি সময় লাগে,

৪০ জন শিক্ষার্থীর মধ্যে ৮ জন শিক্ষার্থীর

১ " " " $\frac{৮}{৪০}$ " "

১০০ " " " $\frac{৮ \times ১০০}{৪০}$ " = ২০ জন শিক্ষার্থীর

উত্তর: ২০%

৩. পাশের সারণিতে ৪টি গ্রামের জনসংখ্যা, আয়তন এবং জনসংখ্যার ঘনত্ব দেওয়া আছে।

গ্রাম	জনসংখ্যা	আয়তন (বর্গ কিমি)	ঘনত্ব (প্রতি বর্গ কিমি এ লোকসংখ্যা)
ক	১,৮০০	১৫	(১.....)
খ	২,২০০	(২.....)	১১০
গ	(৩.....)	২৫	৬০
ঘ	২,২৪০	৮	(৪.....)

১. (১.....), (২.....), (৩.....) এবং (৪.....) খালি ঘরগুলো পূরণ কর।

২. কোন গ্রামের-

(১) জনসংখ্যা সবচেয়ে বেশি?

(২) আয়তন সবচেয়ে বড়?

(৩) জনসংখ্যার ঘনত্ব সবচেয়ে বেশি?

৩. কোন গ্রামটিতে বড় বাজার থাকার সম্ভাবনা রয়েছে?

৪. হাকিম সাহেব এই ৪টি গ্রামের একটিতে বাস করেন এবং তিনি বলেন, “আমার গ্রামের আয়তন অনেক বড় কিন্তু নদীর কারণে বসবাসযোগ্য জমির পরিমাণ কম।” তিনি কোন গ্রামের অধিবাসী হতে পারেন?

সমাধান :

১. (১ ১২০), (২ ২০), (৩ ১৫০০) এবং (৪ ২৮০)

২. (১) ‘ঘ’ গ্রামের জনসংখ্যা সবচেয়ে বেশি।

(২) ‘গ’ গ্রামের আয়তন সবচেয়ে বেশি।

(৩) ‘ঘ’ গ্রামের জনসংখ্যার ঘনত্ব সবচেয়ে বেশি।

৩. যেহেতু ‘ঘ’ গ্রামে লোকসংখ্যা এবং ঘনত্ব সবচেয়ে বেশি। তাই ‘ঘ’ গ্রামটিতে বড় বাজার থাকার সম্ভাবনা রয়েছে।

৪. ‘গ’ গ্রামের আয়তনের তুলনায় লোকসংখ্যার ঘনত্ব কম। তাই হাকিম সাহেব- ‘গ’ গ্রামের অধিবাসী হতে পারেন।

১. একটি ক্যালকুলেটর ব্যবহার করে নিচের হিসাবগুলো কর :

(১) $1 \times 2 \times 3 \times 4 \times 5 \times 6 \times 7 \times 8 \times 9 \times 10$ (৩) $2.8 \div \{0.3 \times (80 \times 0.125 - 1)\} - 2$
(২) $1.1 \times 1.1 \times 1.1 \times 1.1 \times 1.1 \times 1.1$ (৪) $(2.35 \times 8.9 - 0.15 \times 6.3 + 29.83) \div 15$

সমাধান :

(১) $1 \times 2 \times 3 \times 4 \times 5 \times 6 \times 7 \times 8 \times 9 \times 10$

$0 = 3628800$

(২) $1.1 \times 1.1 \times 1.1 \times 1.1 \times 1.1 \times 1.1$

$1 = 1.991561$

(৩) $80 \times 0.125 = 10$

$10 - 1 = 9$

$0.3 \times 9 = 2.7$

$2.8 \div 2.7 = 1.037$

$1.037 - 2 = -0.963$

(৪) $2.35 \times 8.9 = 20.915$

$0.15 \times 6.3 = 0.945$


$20.915 - 0.945 + 29.83 = 49.8$

$49.8 \div 15 = 3.32$

$3.32 - 2 = 1.32$

২. ক্যালকুলেটর ব্যবহার করে নিচের কাজগুলো কর :

(১) ক্যালকুলেটরের চার কোণা থেকে চারটি সংখ্যা নাও (১, ৩, ৭ ও ৯) এবং এই সংখ্যাগুলো দ্বারা শুরু হয় এরকম ৩ অঙ্ক বিশিষ্ট সংখ্যা ঘড়ির কাঁটার বিপরীত দিক অনুসারে (বাম হাতের দিক) ৪ বার নাও। যোগফল কত হবে?



$123 + 369 + 987 + 981$
=
 $369 + 987 + 981 + 123$
=
 $987 + 981 + 123 + 369$
=
 $981 + 123 + 369 + 987$
=

কেন উত্তর _____ তার কারণ চিন্তা কর।

In! Gw A™
wKs' AvKI Pqx|



(২) (১, ২, ৩, ৪, ৫, ৬, ৭, ৮ ও ৯) থেকে যেকোনো সংখ্যা নাও এবং এই সংখ্যাগুলো দ্বারা শুরু হয় এরকম ৩ অঙ্ক বিশিষ্ট সংখ্যা ঘড়ির কাঁটার বিপরীত দিক অনুসারে (বাম হাতের দিক) অথবা ঘড়ির কাঁটার দিক অনুসারে (ডান হাতের দিক) ৪ বার নাও। যোগফল কত হবে?

$$২১৪ + ৪৭৮ + ৮৯৬ + ৬৩২ = \underline{\hspace{2cm}}$$

$$৮৭৪ + ৪১২ + ২৩৬ + ৬৯৮ = \underline{\hspace{2cm}}$$

msL`v, tjjv Dcti wbtp mmmRtq (2) bafii KviY wbyq Kiv thtZ cufi |



সমাধান :

(১)

$$১২৩ + ৩৬৯ + ৯৮৭ + ৭৪১$$

$$= \boxed{২২২০}$$

$$৩৬৯ + ৯৮৭ + ৭৪১ + ১২৩$$

$$= \boxed{২২২০}$$

$$৯৮৭ + ৭৪১ + ১২৩ + ৩৬৯$$

$$= \boxed{২২২০}$$

$$৭৪১ + ১২৩ + ৩৬৯ + ৯৮৭$$

$$= \boxed{২২২০}$$

কারণ : প্রতিটি যোগে পৃথকভাবে সংখ্যাগুলোর একক, দশক ও শতক স্থানীয় অঙ্কগুলো সমান। যেমন : প্রথম যোগে একক স্থানীয় অঙ্কগুলো হচ্ছে ৩, ৯, ৭, ১ ও দ্বিতীয় যোগে একক স্থানীয় অঙ্কগুলো হচ্ছে, ৯, ৭, ১, ৩। উভয়ক্ষেত্রেই অঙ্কগুলো সমান কিছু বিন্যাস বিভিন্ন তাই প্রতিটি যোগের যোগফল সমান।

(২) (১, ২, ৩, ৪, ৫, ৬, ৭, ৮ ও ৯) থেকে যেকোনো সংখ্যা নাও এবং এই সংখ্যাগুলো দ্বারা শুরু হয় এরকম ৩ অঙ্ক বিশিষ্ট সংখ্যা ঘড়ির কাঁটার বিপরীত দিক অনুসারে (বাম হাতের দিক) অথবা ঘড়ির কাঁটার দিক অনুসারে (ডান হাতের দিক) ৪ বার নাও। যোগফল কত হবে?

$$২১৪ + ৪৭৮ + ৮৯৬ + ৬৩২ = \boxed{২২২০}$$

$$৮৭৪ + ৪১২ + ২৩৬ + ৬৯৮ = \boxed{২২২০}$$

কারণ : (১) এর অনুরূপ।

